মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ০৮/মাঃশি:/০১/৩৩১ তারিখ ০৮/১১/২০২৬

বিষয় : ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।

সূত্র : স্মারক নম্বর-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬৪৪, তারিখ-০৫/১১/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম আগামী ১২/১১/২০২৬ তারিখ থেকে ২৬/১১/২০২৬ তারিখ পর্যন্ত চলবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তি ওয়েবসাইট (https://xiclassadmission.gov.bd) এর (Login) প্যানেলে কলেজের ইআইআইএন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে আগামী ২৬/১১/২০২৬ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে রেজিস্ট্রেশনের নিমিত্তে প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের তথ্যাদি অনলাইনে প্রেরণের সমুদয় কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবেনা।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
উচ্চ মাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

চেয়ারম্যানের আদেশক্রমে

কলেজ পরিদর্শক ৪.১১.২৬
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
০৮/১১/২০২৬